



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
আইসিটি অপারেশন বিভাগ

ফোন : ০২-৯৫৫১১৬৮
ই-মেইল : dgmictp@krishibank.org.bd

সূত্র নং- প্রকা/আইসিটি/সাইবার/২(৬৩)/২০১৬-২০১৭/১৩৭৫

তারিখ : ২৮.০৫.২০১৭ ইং

- ০১। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক
- ০২। মহাব্যবস্থাপক, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, মিরপুর, ঢাকা
- ০৩। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখাসমূহ
- ০৬। সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : **Cyber Attack (Ransomware, malware ইত্যাদি) হতে ব্যাংকের সকল শাখা ও কার্যালয়ে ব্যবহৃত Computer, E-mail Account, Internet, Network ব্যবহারের সামগ্রিক নিরাপত্তা এবং সংশ্লিষ্ট তথ্য ও উপাত্ত সংরক্ষণ নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়


উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখা ও কার্যালয়সমূহে ব্যবহৃত Computer, E-mail Account, Internet, Network -এর সামগ্রিক নিরাপত্তা এবং সংশ্লিষ্ট তথ্য ও উপাত্ত সংরক্ষণ নিশ্চিতকরণের লক্ষ্যে ইতোমধ্যে নিম্নলিখিত সার্কুলার ও ম্যানুয়েল জারি করা হয়েছে। পরিপত্রসমূহে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করার জন্য বিশেষভাবে নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

- ১) ICT Security Policy June, 2014
- ২) ঋণ আদায় পরিপত্র নং- ১/২০১২
- ৩) আইসিটি পরিপত্র- ২/২০১৫
- ৪) প্রশাসন পরিপত্র নং- ৭/২০১৫
- ৫) আইসিটি পরিপত্র নং- ২/২০১৭

০২। সম্প্রতি সারা বিশ্বে প্রায় ১৫০টি দেশে Ransomware এর মাধ্যমে প্রায় আড়াই লক্ষাধিক কম্পিউটারে Cyber Attack হয়েছে। বাংলাদেশের বিভিন্ন অফিস এবং ব্যক্তিগত কম্পিউটারেও Ransomware এ আক্রান্ত হওয়ার সংবাদ প্রকাশিত হয়েছে। এধরনের Cyber Attack থেকে বাংলাদেশ কৃষি ব্যাংক ঝুঁকিমুক্ত নয়। ব্যাংকের সকল শাখা ও কার্যালয়ের প্রধানগণকে নিরাপত্তার স্বার্থে নিম্নোক্ত দিক নির্দেশনা পরিপালন করার জন্য অনুরোধ করা হলো :

- ক) শাখা ও কার্যালয়ের কম্পিউটার সমূহের প্রয়োজনীয় সকল তথ্য ও উপাত্তের ব্যাকআপ Data Cartridges/CD/DVD তে সংরক্ষণ করতে হবে।
- খ) শাখা ও কার্যালয়ের কম্পিউটার সমূহে Un-Authorized সিডি, পেন ড্রাইভ, পোর্টেবল হার্ডড্রাইভ ইত্যাদি ব্যবহার করা সম্পূর্ণ নিষিদ্ধ। শাখার বাহিরে ব্যবহার করা হয়/হয়েছে/হচ্ছে এমন কোন Pen drive শাখার কম্পিউটার ব্যবহার করা থেকে বিরত থাকতে হবে।
- গ) E-mail Account ব্যবহারে সতর্কতা অবলম্বন করতে হবে। অপরিচিত E-mail attachment না খুলে Delete করে দিতে হবে। বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল কার্যালয় ও শাখার ই-মেইলে প্রাপ্ত ই-মেইল সমূহ প্রেরক সম্পর্কে নিশ্চিত না হয়ে খোলা বা Check করা যাবে না বিশেষ করে krishibank.org.bd ডোমেইন হতে প্রেরিত ই-মেইল না হলে প্রাপ্ত ই-মেইল প্রেরক সম্পর্কে নিশ্চিত না হয়ে খোলা বা Check করা যাবে না।
- ঘ) শাখা/কার্যালয়ে সংযোগকৃত ইন্টারনেটের ব্যবহার কেবলমাত্র দাপ্তরিক কাজে ব্যবহৃত হবে। অনাকাঙ্ক্ষিত বা অপ্রয়োজনীয় ওয়েব পোর্টালে বা সাইটে প্রবেশ করলে ভাইরাস/Spam এর আক্রমণের আশংকা থাকায় তা পরিহার করতে হবে।
- ঙ) Official E-mail Address ব্যবহার করে Facebook, Twitter বা অন্য কোন Social Site/Website/Blog ইত্যাদিতে Account খোলা বা Registration করা যাবে না।

অনুমোদনক্রমে-


28.05.17
(মোহাম্মদ সালাহউদ্দীন রাজীব)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং- প্রকা/আইসিটি/সাইবার/২(৬৩)/২০১৬-২০১৭/১৩৭৫

তারিখ : ২৮.০৫.২০১৭ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা/ আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। নথি/মহানথি।

